



Northamptonshire County Council

বর্ষ 6-এ ভর্তি বাচ্চাদের পিতামাতা / অভিভাবকরা

যার সাথে কথা বলবেন: অ্যাডমিশন টিম
টেলিফোন: 01604 236599
তারিখ: সেপ্টেম্বর 2011

মাধ্যমিক স্কুলে বদলি হওয়া – সেপ্টেম্বর 2012

আগামী বছরের সেপ্টেম্বর মাসে আপনার বাচ্চা মাধ্যমিক স্কুলে চলে যাবে, তাদের প্রাথমিক স্কুল পর্যায় শিক্ষা সম্পন্ন করার ফলে. মাধ্যমিক স্কুলে আপনার বাচ্চার জায়গার জন্য আবেদন করার এটাই সময়. আপনি নরথ্যাম্পটনশায়ারে বাস করলে নরথ্যাম্পটনশায়ার কাউন্টি কাউন্সিল-এর কাছে আপনার আবেদন করা উচিত. এই চিঠির সাথে আপনার নামে লেখা একটি চিঠি আপনার পেয়ে যাওয়া উচিত যেখানে আপনাকে একটি কোড দেওয়া হয়েছে (UID) অনলাইন আবেদন পরিষেবায় ব্যবহার করার জন্য.

আপনি নরথ্যাম্পটনশায়ারে বাস না করলে (আপনার বাচ্চা যদি একটি নরথ্যাম্পটনশায়ার প্রাথমিক স্কুলে পড়াশোনা করে তাহলেও) আপনাকে আপনি যেখানে বাস করেন সেই এলাকার স্থানীয় কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে. আপনি আপনার পছন্দের স্কুলের উল্লেখ করতে পারেন স্কুলটি যেখানেই অবস্থিত থাকুক না কেন.

কীভাবে আবেদন করবেন

সহজতম এবং দ্রুততম পদ্ধতি হল www.northamptonshire.gov.uk/admissions ওয়েবসাইটে **অনলাইনে** আপনার পছন্দের ফর্ম সম্পন্ন করা.

আপনার বাচ্চাদের জন্য আবেদন করার **পূর্বে** অনুগ্রহ করে “অ্যাপ্লাইয়িং ফর এ সেকন্ডরি স্কুল গ্রেস ফর সেপ্টেম্বর 2012” পুস্তিকাটি মনোযোগ সহকারে পড়ে নেবেন. আপনাকে ভর্তি করার প্রক্রিয়ার সাহায্য করার জন্য এতে গুরুত্বপূর্ণ তথ্য আছে. উল্লিখিত ঠিকানায় অনলাইনে এই পুস্তিকাটি দেখা যাবে. স্কুল এবং গ্রন্থাগারেও এই পুস্তিকার প্রতিলিপি রাখা আছে.

আপনি যখন অনলাইনে আপনার পছন্দের ফর্ম দাখিল করবেন, আপনি তখন ই-মেলের মাধ্যমে একটি রসিদ পাবেন. আপনার পছন্দের স্কুলগুলির জন্য আপনাকে কোন অতিরিক্ত ফর্ম সম্পন্ন করতে হবে কী না যাচাই করতে ভুলবেন না. এই তথ্য ইনফরমেশন ফর পেরেন্টস পুস্তিকায় বা আমাদের ওয়েব সাইটে পাওয়া যাবে. অনুগ্রহ করে এই **অতিরিক্ত ফর্মগুলি** 31 অক্টোবর 2011-র মধ্যে যথাযথ মাধ্যমিক স্কুলে ফেরত পাঠান.

অনলাইন আবেদন পরিষেবার জন্য কিছু স্কুল ও গ্রন্থাগার সহায়তা দিতে পারে. অতিরিক্ত বিবরণ আমাদের ওয়েবসাইটে বা 01604 236599 নম্বরে ফোন করে পাওয়া যাবে.

বিকল্পভাবে আপনি একটি **কাগজের পছন্দের ফর্ম** ব্যবহার করে আবেদন করতে পারেন. আপনি যদি এই চিঠির সাথে একটি এই ফর্ম না পেয়ে থাকেন, তাহলে আপনি অ্যাডমিশন টিমের কাছ থেকে একটি পেতে পারেন (বিবরণ নীচে দেওয়া হয়েছে). আমাদের সুপারিশ হল আপনার ফর্মের সাথে পুস্তিকার পিছনদিকে দেওয়া পোস্টকার্ডে নিজের ঠিকানা লিখে আমাদের কাছে পাঠান, আপনার আবেদন প্রাপ্তি সুনিশ্চিত করার জন্য. আবেদনের জন্য উভয় পদ্ধতি গ্রহণযোগ্য; তবে আপনাকে উভয় সম্পন্ন করতে হবে না.

আবেদন করার শেষ তারিখ

আপনি হয় আপনার অনলাইন পছন্দের ফর্ম সম্পন্ন করে দাখিল করুন অথবা আপনার সম্পন্ন করা কাগজের পছন্দের ফর্ম নীচের ঠিকানায় অ্যাডমিশন টিম-এর কাছে **31 অক্টোবর 2011 তারিখে বিকেল 5টার** মধ্যে ফেরত পাঠান.

এরকম না করলে আপনার পছন্দের স্কুলে আপনার বাচ্চার জন্য জায়গা পাবার সম্ভাবনা ক্ষতিগ্রস্ত হতে পারে.

অ্যাডমিশন টিম বন্টন করা স্কুলের বিবরণ দিয়ে বরাদ্দ চিঠি **1 মার্চ 2012** তারিখে প্রথম শ্রেণীর ডাকে পাঠাবে. আপনি অনলাইনে আবেদন করে থাকলে **1 মার্চ 2012** তারিখে অনলাইনে আপনি আপনার বাচ্চার বরাদ্দ দেখতে পারবেন.

পরিষেবে বদলি সংক্রান্ত কোন তথ্য অস্পষ্ট থাকলে অ্যাডমিশন টিমের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না, যারা আনন্দের সাথে আপনাকে সাহায্য করবে.

ভবদীয়,
নরথ্যাম্পটনশায়ার কাউন্টি কাউন্সিল স্কুল অ্যাডমিশন টিম

স্কুল অ্যাডমিশন, PO Box 216, John Dryden House, 8 – 10 The Lakes, Northampton, NN4 7DD

ওয়েবসাইট: www.northamptonshire.gov.uk/admissions

টেলিফোন: 01604 236599

ফ্যাক্স: 01604 367011

ই-মেল: admissions@northamptonshire.gov.uk

